# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**10 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

========================================================

১) কেন্দ্রীয় সরকার পরবর্তী ৫ বছরে সাইবার অপরাধ রোধ করার জন্য ৫ হাজার সাইবার কমান্ডোকে প্রশিক্ষন প্রদান করবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের ঘোষণা।

২) রাজ্যে জাতীয় নাগরিক পঞ্জীর জন্য আবেদন জানানো সকলের নামে আধার কার্ড জারি করার সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ।

৩) রাজ্যের জেলাগুলির অভিভাবক মন্ত্রীর দায়িত্বে কিছু পরিবর্তন।

এবং

৪) কৃষিমন্ত্রী অতুল বরার হাইলাকান্দি এবং করিমগঞ্জ জেলার উন্নয়নমূলক প্রকল্পগুলি সম্পর্কে পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ।

---

কেন্দ্রীয় সরকার পরবর্তী ৫ বছরে সাইবার অপরাধ রোধ করার জন্য ৫ হাজার সাইবার কমান্ডোকে প্রশিক্ষণ প্রদান করবে । আজ নতুনদিল্লীতে সাইবার অপরাধ সমন্বয় কেন্দ্র আই ফর সির প্রথম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষন প্রসংগে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ একথা জানান । তিনি বলেন যে সাইবার সুরক্ষা

জাতীয় সুরক্ষার দিকে বৃহৎ প্রত্যাহ্বানরূপে পরিগনিত হয়েছে । শ্রী শাহ বলেন যে সাইবার অপরাধের কোনো সীমা নেই ও একে রোধ করার জন্য সব পক্ষের সহায়তার প্রয়োজন । দেশের বিভিন্ন ক্ষেত্রে ইন্টারনেট সেবার বর্ধিত ব্যবহারের বিষয়ে আলোকপাত করে মন্ত্রী বলেন যে প্রতিদিন দেশে ডিজিটেল লেনদেন ও ডিজিটেল তথ্যের ব্যবহার বৃদ্ধি পাবার পরিপ্রেক্ষিতে সাইবার সুরক্ষার সংগে জড়িত লোকেদের দায়িত্ব ও বৃদ্ধি পেয়েছে ।সম্প্রতি কার্যকর হোয়া ৩ টি নতুন ফৌজদারী আইনে সাইবার অপরাধের প্রত্যাহ্বান রোধ করার জন্য পর্যাপ্ত ব্যবস্থা রাখা হয়েছে বলে তিনি উল্লেখ করেন । সাইবার অপরাধ সমন্বয় কেন্দ্র সাইবার সুরক্ষা সম্পর্কে সচেতনতা সৃষ্টির জন্য সমগ্র দেশজুড়ে অভিযান আরম্ভ করা সহ রাজ্য সরকারকে এই অভিযানে অংশ নিতে আহ্বান জানিয়েছে । আজকের অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী সাইবার অপরাধ রোধ করার জন্য একটি ওয়েব ভিত্তিক মডিউল প্রকাশ করেন । এর সহায়তায় সাইবার অপরাধের তথ্য সংগ্রহ , বিনিময় , অপরাধের মেপিং , তথ্য বিশ্লেষন ইত্যাদি করতে পারা যায় ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় ও রাজ্য সরকারের অধীনের বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণা ও উন্নয়নের জন্য প্রদান করা অর্থ সামগ্রী ও সেবা কর অর্থাৎ জি এস টি থেকে রেহাই দেওয়া হবে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ জানান ।এই ক্ষেত্রে আয়কর ছাড়ের সুবিধা লাভ করা বিশ্ববিদ্যালয়গুলো ও উপকৃত হবে ।গতকাল সামগ্রী ও সেবা কর পর্ষদের বৈঠকের পর অর্থমন্ত্রী এক সাংবাদিক সম্মেলনে একথা জানান ।এদিকে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান এর জন্য জি এস টি পর্ষদ সহ অর্থমন্ত্রী শ্রীমতি সীতারমণকে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন যে এই উদ্যোগ অত্যাধুনিক গবেষণা ক্ষেত্রে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অধিক অর্থ লাভ করা সুনিশ্চিত করবে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যে জাতীয় নাগরিকপঞ্জীর জন্য আবেদন জানানো সকলের নামে আধার কার্ড জারি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন । মুখ্যমন্ত্রী বলেন গত তিন বছরে রাজ্যের জমি সম্পদ তথা সংস্কৃতি সুরক্ষিত রাখার জন্য বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।এই প্রচেষ্টার অংশ হিসেবে সরকার আসাম চুক্তির ৬ নম্বর দফা সম্পর্কে অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব শর্মা কমিশনের প্রদান করা পরামর্শবলীর রূপায়নের ব্যবস্থা গ্রহণ করেছে বলে উল্লেখ করে স্থানীয় সম্প্রদায়ের জমির অধিকার সুরক্ষিত করার জন্য রাজ্যে জনজাতী খন্ড গঠন করার জন্য বিশেষ একটি বিল রূপায়নের ব্যবস্থা করা হয়েছে । এছাড়া লাভ জেহাদ

সমস্যার সমাধান করার জন্য কঠোর শাস্তি প্রদান করার ক্ষেত্রে একটি বিল রূপায়ন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

---------------------------------------------------------------------------------

রাজ্যের প্রত্যক্ষ নিযুক্তি কমিশনের অধীনে আগামী ১৫ সেপ্টেম্বর থেকে অনুষ্ঠেয় তৃতীয় ও চতুর্থ শ্রেনির পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য জেলা প্রশাসনগুলি যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে । নিযুক্তি পরীক্ষার জন্য কার্বি আংলং জেলার ডিফুতে জেলা দূযোগ কতৃপক্ষের কার্যালয়ে জেলা নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করা হয়েছে ।পরীক্ষায় নিয়োজিত ব্যাক্তিদের ও প্রশিক্ষন দেওয়া হচ্ছে ।

---------------------------------------------------------------------------------

আসামের রাজ্যপাল রাজ্যের বিভিন্ন জেলার অভিবাবক মন্ত্রীর দায়িত্ব গ্রহণের ক্ষেত্রে কিছু পরিবর্তন করেছেন । সেই অনুযায়ী রণজিৎ কুমার দাসকে করিমগঞ্জ জেলার দায়িত্ব প্রদান করা হয়েছে । তবে কাছাড় জেলা ও হাইলাকান্দি জেলার আগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া এখোনো অভিবাবক মন্ত্রীর দায়িত্বে রয়েছেন ।ডিমা হাসাও জেলার দায়িত্বে রয়েছেন সঞ্জয় কিষাণ ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের বাকী থাকা চার হাজার ৮৫৪ জন ঠিকাভিত্তিক শিক্ষকের চাকুরী নিয়মিতকরণ প্রক্রিয়া আজ আরম্ভ হয়েছে ।বিভাগের ওয়েবসাইট থেকে শিক্ষকরা তাদের নিযুক্তিপত্র ডাউনলোড করতে পারবেন ।প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় এই সম্পর্কে গতকাল একটি বিশেষ নির্দেশ জারি করেছে ।উল্লেখ্য রাজ্যসরকার সম্প্রতি ঠিকাভিত্তিক ২৪ হাজার শিক্ষকের চাকুরী নিয়মিত করে নিযুক্তিপত্র বিতরণ করেছিল ।এরমধ্যে ৫ হাজার ৭০৪ জন ঠিকাভিত্তিক শিক্ষকের নিযুক্তিপত্র প্রদান বিশেষ কারণে স্থগিত রাখা হয়েছিল ।

---------------------------------------------------------------------------------

আসাম সরকারের বিজ্ঞান প্রযূক্তি ও জলবায়ু পরিবর্তন বিভাগের হয়ে আসাম বিজ্ঞান প্রযুক্তিবিদ্যা ও পরিবেশ পর্ষদ আজ থেকে দুদিনব্যাপী আর্যভট্ট বিজ্ঞান কেন্দ্রের রাজ্য সমারোহের আয়োজন করেছে । এই সমারোহে ছাত্র ছাত্রীর মধ্যে বিজ্ঞান অধ্যয়নের প্রতি আগ্রহ জন্মানো সহ এই সমারোহ উদ্ভাবনীমূলক চিন্তার বিকাশ তথা শিক্ষার্থীদের নতুন জ্ঞান ও অভিজ্ঞতায় সমৃদ্ধ করবে বলে শিক্ষা মন্ত্রী ড: রণোজ পেগু জানিয়েছেন । এই কার্যসূচী রাজ্যের বিজ্ঞান প্রযুক্তি ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী কেশব মহন্ত উদ্ভোধন করেন ।সমারোহের কার্যসূচীর অংশ হিসেবে বিজ্ঞান ভিত্তিক আকস্মিক বক্তৃতা প্রতিযোগীতা , পোষ্টার অংকন , বিজ্ঞান প্রযূক্তির মোডেল তৈরী প্রতিযোগীতা ও

প্রদর্শনীর আয়োজন করা হয়েছে ।এছাড়া বিজ্ঞানী ও শিক্ষার্থীর মধ্যে মত বিনিময় ,মহাকাশ নিরীক্ষণ ইত্যাদি কার্যসূচী গ্রহণ করা হয় ।

-------------------------------------------------------------------------------------

রাজ্যের কৃষি , পশু চিকিৎসা ও সীমান্ত উন্নয়ন মন্ত্রী অতুল বরা  হাইলাকান্দিতে জেলার উন্নয়নমূলক প্রকল্পগুলি নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার নির্দেশ দিয়েছেন । আজ হাইলাকান্দির জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে আয়োজিত পর্য্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করে  মন্ত্রী শ্রী বরা বলেন যে আসামকে দেশের সেরা পাঁচটি রাজ্য হিসেবে গড়ে তুলতে  মূখ্যমন্ত্রী সর্বাত্মক চেষ্টা করছেন । মূখ্যমন্ত্রীর এই প্রচেষ্টাকে সফল করে তুলতে আধিকারীকদের উন্নয়নমূলক প্রকল্পগুলি রূপায়নের ক্ষেত্রে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে মন্ত্রী শ্রী বরা আহ্বান জানান । সভায় জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম জানান যে জেলায় নিযুত ময়না প্রকল্প শুরু করার জন্য ২৯টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ২১টি শিক্ষা প্রতিষ্ঠান তিনি পরিদর্শন করেছেন । সভায় জেলা পশু চিকিৎসা আধিকারীক জে এ তালুকদার জানান যে জেলায় এক লক্ষ ২৫ হাজার গবাদি পশুর তৃতীয় পর্য্যায়ের টীকাকরন অভিযান চলছে । স্বাস্থ্য যুগ্ম সঞ্চালক ডক্টর অলকানন্দা নাথ জানান যে জেলায় প্রসূতি মায়ের মৃত্যুর হার হ্রাস পেয়েছে । সভায় বিধায়ক সুজাম উদ্দিন লস্কর জেলায় কৃষি জাত সামগ্রীর উৎপাদন বৃদ্ধির জন্য আরো সহকারী সরঞ্জাম সরবরাহ করার প্রস্তাব দেন ।  বিধায়ক জাকির হোসেন লস্কর লালা শহরের জমা জলের সমস্যা নিরসনে মন্ত্রীর দৃষ্টি আর্কষন করেন । সভায় জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফারহিন সহ জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক রঞ্জিত কুমার লস্কর প্রমুখ অংশগ্রহন করেন ।

-------------------------------------------------------------------------------------

রাজ্যের পশুপালন ও সীমান্ত উন্নয়ন মন্ত্রী অতুল বরা আজ করিমগঞ্জ জেলা সফর করে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে কৃষি , পশু পালন , মৎস্য সহ অন্যান্য বিভাগের  উন্নয়নমূলক কাজের পর্য্যালোচনা করেন । আজকের সভায় করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালা , বিধায়ক সিদ্দেক আহমেদ , কৃষনেন্দু পাল , বিজেপির জেলা সভাপতি সুব্রত ভট্টাচার্য্য সহ বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

-------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রনালয়ের পক্ষ থেকে প্রবীণ শিল্পীদের আর্থিক সাহায্য প্রকল্পের অধীনে ৬০ বছর  উর্দ্ধের শিল্পীদের কাছ থেকে আবেদনপত্র চাওয়া হয়েছে ।রাজ্য পুরস্কার , জাতীয় পুরস্কার প্রাপক অথবা আকাশবাণী ,দূরদর্শনের  স্বীকৃতিপ্রাপ্ত শিল্পীরা এই প্রকল্পের জন্য আবেদন দাখিল করতে পারবেন ।আবেদনকারীর আয় প্রতিমাসে

চার হাজার টাকা অথবা বছরে ৪৮ হাজার টাকার বেশী হতে পারবে না ।ইচ্ছুক শিল্পীরা www.indiaculture.nic.in ওয়েবসাইটে আবেদন দাখিল করতে পারবেন ।রাজ্য সরকার অথবা সংশ্লিষ্ট মান্ডলিক সাংস্কৃতিক কেন্দ্রের অনুমোদন ছাড়া এবং অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবেনা বলে মন্ত্রনালয়ের পক্ষ থেকে প্রকাশ করা হয়েছে ।

---

উত্তরপূর্ব সীমান্ত রেল যাত্রীদের সুরক্ষা ও নিরাপত্তা ক্ষেত্রে বিশেষ গুরুত্ব আরোপ করছে ।বিশেষ করে মহিলা যাত্রীদের সুরক্ষার জন্য সম্প্রতি 'মেরি সহেলি ' শীর্ষক একটি পৃথক নিরাপত্তা গোষ্ঠি গঠন করা হয়েছে ।উত্তরপূর্ব সীমান্ত রেল কর্তৃপক্ষ জানিয়েছে যে মহিলা রেল সুরক্ষা বাহিনীর জওয়ানদের দ্বারা গঠিত ১৫ টি মেরি সহেলি গোষ্ঠি বর্তমানে উত্তরপূর্ব সংমন্ডলের বিভিন্ন ষ্টেশনে নিয়োজিত রয়েছে ।অন্যদিকে মানব সরবরাহকারীর কবল থেকে মহিলা যাত্রীদের সুরক্ষা প্রদান করার উদ্দেশ্যে সীমান্ত রেলওয়ের অধীনে ৫৩ টি মানব সরবরাহ বিরোধী গোষ্ঠি গঠন করা হয়েছে ।চলতি বছরে ৪ জন মহিলাকে মানব সরবরাহকারীর কবল থেকে উদ্ধার করা সহ এই ঘটনার সঙ্গে জড়িত তিনজন সরবরাহকারীকে গ্রেপ্তার করা হয়েছে ।চলতি বছরের আগষ্ট মাস পর্যন্ত মহিলা সুরক্ষা সম্পর্কীত ৬ টি মামলা দায়ের করা হয়েছে এবং ৬ জন অপরাধিকে গ্রেপ্তার করা হয়েছে ।

---

কনকলতা জন্ম শতবর্ষ উদযাপন সমিতির কাছাড় জেলা কমিটির উদ্যোগে আজ শিলচর ক্ষুদিরাম মূর্তির পাদদেশ থেকে একটি সাইকেল র‍্যালী বের হয়ে ভাগা বাজারের বাম বিদ্যালয় হাইস্কুলে পৌছায় । সকাল ৯টায় ক্ষুদিরাম মূর্তি পাদদেশে সুবজ পতাকা দেখিয়ে সাইকেল র‍্যালির সূচনা করেন প্রাক্তন শিক্ষিকা গৌরী দত্ত বিশ্বাস এবং আসাম গর্ভমেন্ট স্কুল টির্চাস এসোসিয়েশনের প্রাক্তন সভাপতি আজহার হোসেন ।

---

করিমগঞ্জের মহিলা ও শিশু কল্যান বিভাগের হাব ফর এমপাওয়ারমেন্ট অফ ওম্যানের উদ্যোগে এবং শিক্ষা বিভাগের সহযোগীতায় করিমগঞ্জ জেলায় মহিলাদের কল্যানের জন্য অব্যাহত থাকা একশ দিবসীয় কার্য্যসূচী সংকল্পর অধীনে গতকাল করিমগঞ্জের মদনমোহন মাধব চরণ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ছাত্রীদের নিয়ে আর্ন্তজাতিক সাক্ষরতা দিবস পালন করা হয়েছে । বিদ্যালয় সমূহের পরিদর্শক নীলম জ্যোতি দাস অনুষ্ঠানে মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

---